

২০২০

বাংলা

স্নাতকোত্তর

COURSE NO – BNG – 405(D)

পূর্ণমান – ৪০

সময় – ২ ঘণ্টা

বিভাগ – ক

যে কোন ২ টি প্রশ্নের উত্তর দাও: (অনধিক ২০০ শব্দে)

৮ X ২ = ১৬

১। নাটকের স্বরূপ বিশ্লেষণ করে তার একটি সর্বজনগ্রাহ্য সংজ্ঞা দাও।

২। অ্যাবসার্ড নাটকের বৈশিষ্ট্যগুলি লেখো। ‘এবং ইন্দ্রজিৎ’ নাটককে অ্যাবসার্ড নাটক বলা কতখানি সঠিক এ বিষয়ে তোমার অভিমত দাও।

৩। ‘সীমান্তের ডাক’ একাঙ্ক নাটকটির নামকরণের সার্থকতা বিচার করো।

৪। নাটক ও নাট্যমঞ্চের পারস্পরিক সম্পর্ক বিষয়ে আলোচনা করো।

বিভাগ – খ

যে কোন ৪ টি প্রশ্নের উত্তর দাও: (অনধিক ১০০ শব্দে)

৪ X ৪ = ১৬

৫। এলিজাবেথীয় রঙ্গমঞ্চ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৬। টীকা লেখো - কমেডি

৭। সংক্ষিপ্ত আলোচনা করো - নাট্যাংকঠা

৮। ‘এবং ইন্দ্রজিৎ’ নাটকে মধ্যবিত্তের জীবনচিত্রের দুটি দৃশ্য অঙ্কন করো।

৯। ‘আত্মাকে বাঁচানোর জন্য যদি অল্প যায় যাবে - তাতে কাতর হলে চলবে না, মানুষ মহান বলেই অমর।’ - উক্তিটি কার? মন্তব্যটির যথার্থতা বিচার করো।

১০। ‘কালের চাকা ঘোরে কিন্তু ইতিহাসের প্রশ্নটা মানুষের সামনে এসে দাঁড়ায় বারবার।’ - কোন নাটকের অংশ? কার উক্তি? বক্তব্যটির অন্তর্নিহিত তাৎপর্য কী?

১১। ‘সীমান্তের ডাক’ নাটকে শিবনাথের দেশপ্রেম বোধের পরিচয় দাও।

১২। ‘বাজপাখি’ একাঙ্কিকায় বাজপাখি কিসের প্রতীক তা ব্যাখ্যা করো।

বিভাগ – গ

যে কোন ৪ টি প্রশ্নের উত্তর দাও:

২ X ৪ = ৮

১৩। সংস্কৃত নাটকের ধারায় দশটি রূপকের নাম কী কী?

১৪। ট্রাজেডির ষড়ঙ্গ উপাদানগুলির নাম লেখো।

১৫। ‘এবং ইন্দ্রজিৎ’ নাটকটি প্রথম কোন পত্রিকায়, কবে প্রকাশিত হয়?

১৬। পাশ্চাত্যের দুজন অ্যাবসার্ড নাট্য রচয়িতার নাম ও তাদের একটি করে নাটকের নাম লেখো।

১৭। ‘সীমান্তের ডাক’ নাটকে কোন আন্দোলনের কথা আছে? নাটকটির প্রকাশকাল কত?

১৮। অ্যারিস্টটলের মতানুসারে ট্রাজেডির শ্রেণীবিভাগ করো।

১৯। মেলোড্রামার দুটি বৈশিষ্ট্য লেখো।

২০। “বহু সংগ্রাম করে যে স্বাধীনতা আমরা পেয়েছি, সেই স্বাধীনতা আজ বিপন্ন” – বক্তা কোন অর্থে ‘স্বাধীনতা বিপন্ন’ বলতে চেয়েছেন?